



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এনএসসি টাওয়ার (১২তলা)

৬২/৩ পুরানা পল্টন

ঢাকা-১০০০।

সার্কুলার লেটার নং -০৮

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪১৮ বঙ্গাব্দ
০৮ জুন ২০১১ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ক্ষুদ্রঋণের গ্রেস পিরিয়ড ও কিস্তি সংখ্যা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অত্র কার্যালয়ের ১০-১১-২০১০ ও ১৩-০১-২০১১ তারিখের এমআরএ/সার্কুলার লেটার নং যথাক্রমে রেগু-০৫ ও ০৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত সাধারণ ক্ষুদ্রঋণ (০১ বছরের জন্য প্রদত্ত ঋণ) আদায়ের জন্য গ্রেস পিরিয়ড ও কিস্তি সংখ্যা নির্ধারণ বিষয়ে পুনঃপর্যালোচনাপূর্বক নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো :-

১. ঋণ প্রদানের (সাধারণতঃ এক বছরের জন্য প্রদত্ত) তারিখ হতে ঋণের প্রথম কিস্তি আদায়ের মধ্যে ন্যূনতম বিরতিকাল (গ্রেস পিরিয়ড) হবে ১৫(পনের) দিন।
২. উক্ত ঋণ আদায়ের জন্য ন্যূনতম কিস্তি সংখ্যা হবে ৪৬ (ছেচল্লিশ)।

উপরোক্ত সংশোধনী ব্যতীত সূত্রে উল্লিখিত সার্কুলার লেটারসমূহে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাহের)
পরিচালক

ফোন: ০২- ৯৫৬৬৫১২।

অনুলিপি নং- এমআরএ/রেগুলেশন -৯(৪)/২০১০-২০১১- ১৪৬১৭

তারিখ: ০৮/০৬/২০১১ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
- ২। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ৩। রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
- ৪। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

(মোহাম্মাদ ইয়াকুব হোসেন)
উপ-পরিচালক

ফোন: ০২- ৯৫১৪৬৫২-৪, এক্স # ২১৫